# পরিশিষ্ট -খ

# উপজেলা পরিষদের প্রস্তাবিত বাজেট

## ২০২১-২২ অর্থ বছর
## চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা ।

উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ অনুযায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বৎসরের খসড়া বাজেট প্রণয়ন করা হয়। প্রণীত খসড়া বাজেটের উপর জনসাধারণের মতামত গ্রহনের লক্ষ্যে গত ১৬/০৫/২১ খ্রিঃ তারিখে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের সাধারণ বাজেট অধিবেশন অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাধারণ বাজেট অধিবেশন অনুষ্ঠানে উপস্থিত ইউপি চেয়ারম্যান,সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং পরিষদের সদস্যদের পরামর্শ ও প্রস্তাবসমূহ বিবেচনায় নিয়ে বিগত ২৭/০৫/২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মে/২১ মাসের সভায় চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট অনুমোদন করা হয়।

# সূচিপত্র ঃ


| ক্রমিক নং | বিষয় | পাতা নং |
|---|---|---|
| ০১ | চুয়াডাঙ্গা সদর উপজেলার মানচিত্র | ০১ |
| ০২ | এক নজরে চুয়াডাঙ্গা সদর উপজেলা | ০২-০৫ |
| ০৩ | ভূমিকা | ০৬ |
| ০৪ | চেয়ারম্যান ,উপজেলা পরিষদের বাজেট ভাবনা | ০৭ |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসারের বাজেট ভাবনা | ০৮ |
| ০৬ | ভাইস চেয়ারম্যানের বাজেট ভাবনা | ০৯ |
| ০৭ | মহিলা ভাইস চেয়ারম্যানের বাজেট ভাবনা | ১০ |
| ০৮ | বাজেট সার সংক্ষেপ | ১১ |
| ০৯ | রাজস্ব হিসাব (প্রাপ্তি) | ১২ |
| ১০ | রাজস্ব হিসাব (ব্যয়) | ১৩ |
| ১১ | উন্নয়ন হিসাব (প্রাপ্তি) | ১৪ |
| ১২ | উন্নয়ন হিসাব (ব্যয়) | ১৫ |
| ১৩ | উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণী | ১৬ |
| ১৪ | উপজেলার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরণী | ১৬ |
| | সমাপ্তি | |

# মানচিত্রে চুয়াডাঙ্গা সদর উপজেলা



## এক নজরে চুয়াডাঙ্গা সদর উপজেলা

| | |
|---|---|
| উপজেলা | চুয়াডাঙ্গা সদর |
| সীমানা | উত্তর ও উত্তর পশ্চিমে- আলমডাঙ্গা উপজেলা, পূর্বে- ঝিনাইদহ সদর উপজেলা, দক্ষিন ও দক্ষিণ পূর্বে-জীবননগর ও কোটচাঁদপুর উপজেলা, পশ্চিম ও পশ্চিমে- দামুড়হুদা উপজেলা। |
| আয়তন | ২৯৯ বর্গ কিলোমিটার |
| থানা প্রতিষ্ঠাকাল | ১৯৭২ খ্রিঃ (পুর্ণাঙ্গ থানা হিসাবে) |
| উপজেলা প্রতিষ্ঠাকাল | ১ ফেব্রুয়ারী, ১৯৮৪ খ্রিঃ |
| ভৌগোলিক অবস্থান (অক্ষাংশ ও দ্রাঘিমাংশ) | ২৩.২২ থেকে ২৩.৫০ উত্তর |
| পৌরসভা | ১টি |
| ইউনিয়ন | ৮টি |
| গ্রামের সংখ্যা | ১৭০টি(পৌরসভা সহ) |
| মৌজা | ১০১ টি |
| জনসংখ্যাঃ মোটঃ<br>পুরুষ<br>মহিলা | ৩,১৩,৯৩৫ জন<br>১,৫৬,৭৮২ জন<br>১,৫৭,১৫৩ জন |
| পৌরসভার লোক সংখ্যাঃ<br>মোটঃ<br>পুরুষ<br>মহিলা | <br>৮৫,৭৮৬জন<br>৪২,৯৪০জন<br>৪২,৮৪৬জন |
| মোট পরিবারের সংখ্যাঃ | ৬২,২৭৮টি |
| মোট ভোটার সংখ্যাঃ<br>মোটঃ<br>পুরুষ<br>মহিলা | <br>১,৯৪,৯৯৬জন<br>৯৫,২৮৭জন<br>৯৯,৭০৯জন |
| পৌরসভার ভোটার সংখ্যাঃ<br>মোটঃ<br>পুরুষ<br>মহিলা | <br>৫৩,২৫৭জন<br>২৫,৮১৪জন<br>২৭,৪৪৩জন |
| নদ-নদীর সংখ্যা ও নাম | ৪টি<br>১। মাথাভাঙ্গা<br>২। নবগঙ্গা<br>৩। চিত্রা<br>৪। সিন্দুঁরিয়া |
| খালের সংখ্যা | ১টি,বলদিয়া খাল |
| বিলের সংখ্যা | ২৩টি |
| বাওড়ের সংখ্যা ও নাম | ০৩টি<br>১। ভান্ডারদহ বাওড়<br>২। উজলপুর বাওড় |

| | |
|---|---|
| | ৩। সিংনগর বাওড় |
| ঐতিহাসিক স্থান সমূহের নাম | ১। গড়াইটুপি মেলো<br>২। ঠাকুরপুরের প্রাচীন মসজিদ<br>৩। সরষিাডাংগা বিষু শাহ এর মাজার<br>৪। বড়োয়াল্লমারী জমিদার এষ্টেট |
| বধ্যভূমির সংখ্যা ও নাম | নাই |

| | |
|---|---|
| কৃষি আবাদী জমির পরিমানঃ | |
| ক। মোট আবাদী জমির পরিমান | ২৩,৪৭৫ হেক্টর |
| খ। এক ফসলী জমির পরিমান | ১.১৮৫ হেক্টর |
| গ। দুই ফসলী জমির পরিমান | ৭.৫২৭ হেক্টর |
| ঘ। তিন ফসলী জমির পরিমান | ১২.৪৭৫ হেক্টর |

| | |
|---|---|
| ৬। চাঁর ফসলী জমির পরিমান | ২.৮৪ হেক্টর |
| নার্সারী | সরকারী ১ টি, বেসরকারী ১৭টি |
| জলমহাল | ২৯টি |
| বিদ্যুতায়িত গ্রাম | ১১১টি |
| ইট ভাটার সংখ্যা | ১২টি |
| ব্যাংকের সংখ্যা ও নাম | সোনালী-৩টি, অগ্রনী-৩টি, কৃষি-৪টি, জনতা-২টি, রুপালী-১টি, ইউসিবিএল-১টি, কর্মসংস্থান-১টি, ব্রাক-১টি, উত্তরা-১টি, ইসলামী-১টি। |
| প্রধান ডাকঘর | ০১টি |
| শাখা ডাকঘর | ১৩টি |
| ১। বিশ্ববিদ্যালয় | ০১টি |
| ২। বিশ্ববিদ্যালয় কলেজ | নাই |
| ৩। মেডিকেল কলেজ | নাই |
| ৪। সরকারী কলেজ | ০২টি |
| ৫। বেসরকারী কলেজ | ০৪টি |
| ৬। টিচার্স ট্রেনিং কলেজ | নাই |
| ৭। পিটিআই | নাই |
| ৮। সরকারী মাধ্যমিক বিদ্যালয় | ০১টি |
| ৯। সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় | ০১টি |
| ১০। বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়<br>ক। বালক<br>খ। বালিকা | <br>২৪টি<br>০৯টি |
| ১১। সরকারী প্রাথমিক বিদ্যালয় | ১২০টি |
| ১২। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় | ০০টি |
| ১৩। স্যাটেলাইট বিদ্যালয় | নাই |
| ১৪। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় | ০০ |
| ১৫। এনজিও পরিচালিত বিদ্যালয় | ০২ টি |
| ১৬। আলিয়া মাদ্রাসা | ১০টি |
| ১৭। কওমী মাদ্রাসা | ২২টি |
| ১৮। স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ০১টি |
| ১৯। কিন্ডারগার্ডেন | ৫০টি |
| ২০। শিক্ষার হার | ৩৮.৩৫% |
| ২১। প্রথমিক শিক্ষার ভর্তির কভারেজ | ১০০% |
| ২২। ঝরে পড়া হার | ৮৯% |
| মসজিদ | ২৪৭টি |
| মন্দির | ৩১টি |

| | |
|---|---|
| পাঠাগার | ০২টি |
| হাসপাতাল | ০১টি |
| ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র | ০৭টি |
| কমিউনিটি ক্লিনিক | ২৬টি |
| ১। স্থায়ী বন্ধ্যাত্বঃ<br>ক। পুরুষ<br>খ। নারী | ৬৭৫জন<br>৯,৩৩৬জন |
| ২। অস্থায়ী বন্ধ্যাত্বঃ<br>ক। পুরুষ<br>খ। নারী | <br>৩,৬৮৬জন<br>৪৩,৯৫০জন |
| ৩। জন্মহার | ৯৪% |
| ৪। মৃত্যুহার | শিশু-৫৪.৭৯%,স্থুল মৃত্যুহার-২.২% |
| ৫। সিএআর | ৭৭.৮২% |
| বেসরকারী হাসপাতাল | ০২টি |
| সমবায় সংক্রান্ত তথ্যাদিঃ<br>১। সমবায় বিভাগের বহুমূখী সমিতি<br>২। সমবায় বিভাগের কৃষক সমিতি<br>৩। সমবায় বিভাগের মৎসজীবী সমিতি | |
| এনজিও এর সংখ্যা | ৬৭টি |
| উল্লেখযোগ্য কৃষি ফসল | ধান, পাট, গম, ভূট্টা, আলু, মসুর, ছোলা, মটর, কচু, সরিষা, ইক্ষু, পটল, কুমড়া, তিল, তিষি, ফুলকপি, মুলা, বাধাকপি, পলিং, টমেট, ডাটাশাক, খেজুরের গুড়, ইত্যাদি। |
| ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা | ০৭টি |
| আশ্রয়ন | ০৬টি |
| গুচ্ছগ্রাম | ০২টি |
| পুর্নবাসিত পরিবার | ৪৫০টি |
| পানি ও জলের নলকুপের সংখ্যাঃ<br>১। পানি ও জলের তারা ঘভির নলকুপ<br>২। তারা পাম্প<br>৩। অগভীর নলকুপ<br>৪। তারা অগভীর | <br>৩০টি<br>২৭৯টি<br>১.৫৫৮টি<br>৬৪টি |
| গভীর নলকুপ (চাষের জন্য) | ৪০টি |
| অগভীর নলকুপ (চাষের জন্য) | ৯.৬৩৮টি |
| রাস্তাঘাটঃ<br>১। পাকা<br>২। কাচা<br>৩। এইস বি বি | <br>৩৫৪.০০ কিঃমিঃ<br>**২৭১** .০০ কিঃমিঃ<br>৭৪.০০ কিঃমিঃ |
| জন্ম নিবন্ধিত জনসংখ্যাঃ<br>১। মোট<br>২। পুরুষ<br>৩। মহিলা | <br>২.৪৮.৮৮৭জন<br>১.২৫.৯২৬জন<br>১.২২.৯৩১জন |

| | |
|---|---|
| ৪। শতকরা হার | ৮৯.২৯% |
| বয়স্ক ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ৫৩৮২ জন |
| মাতৃত্বকালীন ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ১২৬ জন |
| বধিবা ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ১৯৫৪ জন |
| মুক্তযিোদ্ধা ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ৫৩০ জন |
| প্রতবিন্ধি ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ১৩৯ জন |
| প্রতবিন্ধি শকি্ষা বৃত্তি ভাতা প্রাপ্তদরে সংখ্যা | ৩১ জন |
| প্রশকি্ষন কন্দ্ররে সংখ্যা নামসহ | ০৪টি।১। উপজলো রসিোর্স সন্টোর, ২। উপজলো যুব উন্নয়ন অধদিপ্তররে প্রশকি্ষনে কন্দ্র, ৩। উপজলো ই-ক্লাব চুয়াডাঙ্গা সদর, ৪। ওয়ভে ফাউনন্ডশেন প্রশকি্ষণ কন্দ্র। |
| শলি্প ও কলকারখানা | ৫৩টি |
| কুটরি শলি্প | ১৪৮টি |

# ভুমিকা

বাজেট হচ্ছে আয় ব্যয়ের আনুমানিক হিসাব। সভ্যতার ক্রম বিকাশের সাথে সাথে পরিবর্তন হয়েছে প্রাচীন হিসাব রীতি বা পদ্ধতির। সময়ের বিবর্তনে প্রাচীন যুগের সেই হিসাব আজ আধুনিক বাজেট। একটি সুষম বাজেটের উপর নির্ভর করে একটি প্রতিষ্ঠানের অগ্রগতি ও সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার। কোন প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনায় যদি নির্দিষ্ট অগ্রগতি সাধিত হয় তাহলে পরিকল্পনা অনুযায়ী গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা সম্ভব হবে। প্রণীত পরিকল্পনা সুষম বাজেটের আর্থিক ধারার মধ্য দিয়ে পরিচালিত হলেই সুশাসন প্রতিষ্ঠিত হবে এবং জনগণের আশা প্রত্যাশার প্রতিফলন ঘটবে। একটি সুষম বাজেট বাস্তবায়িত হলে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবর্তনে বিকাশ ঘটবে ; ফলে একটি প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থনৈতিক কাঠামো সমৃদ্ধ হবে সাথে সাথে স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত হবে। চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এ উপজেলার গ্রামীণ জনসাধাণের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক ভুমিকা রাখবে বলে আশা করা যায়।

# চেয়ারম্যান,উপজেলা পরিষদ এর বাজেট ভাবনা



বাজেট হল কোন প্রতিষ্ঠানের এক অর্থ বছরের সার্বিক আর্থিক কার্যক্রমের সমন্বিত চিত্র। যার উপর ভিত্তি করে ঐ প্রতিষ্ঠানের সফলতা ও ব্যর্থতা নিরুপিত হয়। কাজেই কোন প্রতিষ্ঠানের সফলতার মূল চাবিকাটি হল বাজেট। আর স্থানীয় সরকারকে শক্তিশালী দক্ষ ও কার্যকর করার মানসে এবং জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এবং সাধারন মানুষের চাহিদার প্রতিফলন ও প্রত্যাশা অনুযায়ী প্রাপ্তির জন্য একটি সুষম বাজেট অপরিহার্য। এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদের ২৭/০৫/২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট অনুমোদন করা হয় । প্রণীত বাজেট প্রত্যন্ত অঞ্চলের অবকাঠামোর উন্নয়ন, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, বিভিন্ন সেবা-যেমন শিক্ষা,স্বাস্থ্য সহ জনস্বাস্থ্যের উন্নয়নের বিষয় বিবেচনায় রাখা হয়েছে। সর্বসম্মতিক্রমে অনুমোদিত এ বাজেট উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের আশা প্রত্যাশার প্রতিফলন ঘটাবে এবং আশা করা যায় এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে উপজেলা পরিষদ অধিকতর কার্যকর প্রতিষ্ঠানে পরিণত হবে।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা

# উপজেলা নির্বাহী অফিসারের বাজেট  ভাবনা



বাজেট কোন প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময়ের বা একটি অর্থ বছরের সার্বিক আর্থিক কার্যক্রমের সমন্বিত বিবৃতি। উপজেলা পরিষদ তথা স্থানীয় সরকারকে শক্তিশালী, দক্ষ ও কার্যকর করার প্রয়াসে এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এবং সাধারন মানুষের চাহিদার প্রতিফলন ও প্রত্যাশা অনুযায়ী প্রাপ্তির জন্য একটি সুষম বাজেট অপরিহার্য। এই বিষয় গুলোকে প্রাধান্য দিয়ে ২০২১-২০২২ অর্থবছরের চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের বাজেট প্রণীত হয়েছে। প্রণীত এ বাজেট উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের প্রত্যাশার প্রতিফলন ঘটাবে। এ বাজেট শতভাগ বাস্তবায়িত হলে উন্নয়নের দৃষ্টান্ত স্থাপিত হবে। উপজেলা পরিষদের ২৭/০৫/২১ খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত এ বাজেটে প্রত্যন্ত অঞ্চলের অবকাঠামোর উন্নয়ন, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, বিভিন্ন সেবা-যেমন শিক্ষা,স্বাস্থ্য সহ জনস্বাস্থ্যের উন্নয়নের বিষয় বিবেচনায় রাখা হয়েছে। স্থানীয় সরকারের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের এ বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সরকারের নিকট এ বাজেট অনুযায়ী উপজেলার সার্বিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি, যাতে প্রত্যন্ত অঞ্চলের সার্বিক উন্নয়নের ধারা অব্যাহত রাখা সম্ভব হয়। আশা করি এ বাজেট উপজেলার অনগ্রসর জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে।

(মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

## ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ এর বাজেট ভাবনা



বাজেট হল কোন প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের চিত্র । যে কোন প্রতিষ্ঠানের সুষম উন্নয়নের জন্য বাজেট অপরিহার্য। এ ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রণিত হয়েছে। প্রণীত বাজেটে প্রত্যন্ত অঞ্চলের সার্বিক উন্নয়নের বিষয় বিবেচনায় রাখা হয়েছে। এ বাজেট উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের আশা প্রত্যাশার প্রতিফলন ঘটাবে বলে আমি বিশ্বাস করি। এছাড়া এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে উপজেলা পরিষদ অধিকতর জনবান্ধব প্রতিষ্ঠানে পরিনত হবে।

(মোঃ মাসুদুর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা

# মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ এর বাজেট ভাবনা



উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এবং সাধারন মানুষের চাহিদার প্রতিফলন ও প্রত্যাশা অনুযায়ী প্রাপ্তির জন্য একটি সুষম বাজেট অপরিহার্য। এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রস্তুত করা হয় ।প্রণীত বাজেট প্রত্যন্ত অঞ্চলের অবকাঠামোর উন্নয়ন, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, বিভিন্ন সেবা নিশ্চিত করা হয়েছে। প্রণিত বাজেট বাস্তবায়ন হলে চুয়াডাঙ্গা সদর উপজেলার সর্বসাধারণের জীবন মানের সার্বিক উন্নতি সাধন হবে বলে আমি বিশ্বাস করি।

(মোছাঃ সাহাজাদী)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা

**ফরম ক**

(বিধি-৩ দ্রষ্টব্য)
বাজেট সার -সংক্ষেপ

| বিবরণ | | পূর্ব্ববর্তী ২০১৯-২০ বৎসরের প্রকৃত | চলতি ২০২০-২১ বৎসরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট | পরবর্তী ২০২১-২২ বৎসরের বাজেট |
|---|---|---|---|---|
| অংশ-১ | রাজস্ব হিসাব<br>প্রাপ্তি | | | |
| | রাজস্ব | ২,৪১,০২,৩৭২.০০ | ১,৭৫,৬৬,৫৬৯.০০ | ২,৩৯,০০,০০০.০০ |
| | অনুদান (জ্বালানী) ও অন্যান্য | ৩,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ৪,০০,০০০.০০ |
| | অনুদান (বেতন ভাতা) | ১৩,৮১,২১৪.০০ | ১৫,৫১,৫০০.০০ | ১৬,১১,৬০৬.০০ |
| | মোট প্রাপ্তি | ২,৫৭,৮৩,৫৮৬.০০ | ১,৯৪,১৮,০৬৯.০০ | ২,৫৯,১১,৬০৬.০০ |
| | বাদ রাজস্ব ব্যয় | ১,৩৪,৬৭,৬১২.০০ | ৭১,৫৭,৯৩৭.০০ | ১,০৫,৮৭,২০৬.০০ |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি([ক) | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ | ১,৫৩,২৪,৪০০.০০ |
| অংশ - ২ | উন্নয়ন হিসাব<br>উন্নয়ন অনুদান | ৯০,৮৯,০০০.০০ | ৯১,১৬,০০০.০০ | ১,৪০,০০,০০০.০০ |
| | অন্যান্য অনুদান ও রাজস্ব উদ্বৃত্ত) | ১,৪০,৮৩,৪৬১.০০ | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ |
| | মোট (খ) | ২,৩১,৭২,৪৬১.০০ | ২,১২,০৪,০৮৪.০০ | ২,৬২,৬০,১৩২.০০ |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক + খ) | ৩,৫২,৬০,৫৪৫.০০ | ৩,৩৪,৬৪,২১৬.০০ | ৪,১৫,৮৪,৫৩২.০০ |
| | বাদ উন্নয়ন ব্যয় | ২,৩১,৭২,৪৬১.০০ | ২,১২,০৪,০৮৪.০০ | ২,৬২,৬০,১৩২.০০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ | ১,৫৩,২৪,৪০০.০০ |
| | যোগ প্রারম্ভিক জের (১জুলাই) | ১,৪০,৮৩,৪৬১.০০ | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ |
| | সমাপ্তি জের | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ | ১,৫৩,২৪,৪০০.০০ |

# ফরম-খ

(বিধি-৩ এবং আইনের চতুর্থ তফসিল দ্রষ্টব্য)
চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষরেদর বাজেট
অর্থ বৎসর ২০২০-২০২১
রাজস্ব হিসাব
প্রাপ্ত আয়

অংশ- ১

| আয় | | | | |
|---|---|---|---|---|
| ক্রঃনং | প্রাপ্তির বিবরণ | পূর্ব্বর্তী ২০১৯-২০ বৎসরের প্রকৃত | চলতি ২০২০-২১ বৎসরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট | পরবর্তী ২০২১-২২ বৎসরের বাজেট |
| ১ | বাসাভাড়া থেকে প্রাপ্ত | ১৪,৮৫০.০০ | ৩,৯৩,৮৬২.০০ | ৪,০০,০০০.০০ |
| ২ | হাট-বাজার ইজারা বাবদ প্রাপ্ত ৪১% | ১২,৮৮,৫৯৭.০০ | ২২,৯৪,১০২.০০ | ২৩,০০,০০০.০০ |
| ৩ | ভূমি উন্নয়ন করের ২% অর্থ | ১,৩১,৮০৯.০০ | ১,৩৯,৫২৬.০০ | ২,০০,০০০.০০ |
| ৪ | সম্পত্তি হস্তান্তর কর বাবদ ১% | ২,০৬,১০,৭৮২.০০ | ১,৩৬,২৮,৫৩০.০০ | ২,০০,০০,০০০.০০ |
| ৫ | জীপ গাড়ীর জ্বালানী বাবদ সরকারি বরাদ্দ | ৩,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ৪,০০,০০০.০০ |
| ৬ | কর্মচারীদের বেতন ভাতা বাবদ সরকারী বরাদ্দ | ১৩,৮১,২১৪.০০ | ১৫,৫১,৫০০.০০ | ১৬,১১,৬০৬.০০ |
| ৭ | সিডিউল বিক্রয় লব্ধ আয় | ১৪,৪১,০৬২.০০ | ৮,৫৪,১০০.০০ | ১০,০০,০০০.০০ |
| ৮ | ভবন/গাছ/বিবিধ নিলাম বাবদ আয় | ৫,৯১,৪৬০.০০ | ০০ | ০০ |
| ৯ | বিভিন্ন লাইসেন্স ফি/অন্যান্য | ২৩,৮১২ | ২৮,৫৫৯.০০ | ০০ |
| ১০। | উপজেলা রাজস্ব তহবিলের স্থিতি | ০০ | ২,২৭,৮৯০.০০ | ০০ |
| | মোট আয় | ২,৫৭,৮৩,৫৮৬.০০ | ১,৯৪,১৮,০৬৯.০০ | ২,৫৯,১১,৬০৬.০০ |

## অংশ-১- রাজস্ব হিসাব

## ব্যয়

| ব্যয়ের খাত | পূর্ববর্তী ২০১৯-২০ বৎসরের প্রকৃত | চলতি ২০২০-২১ বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী ২০২১-২২ বৎসরের বাজেট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। সাধারণ সংস্থাপন/ প্রাতিষ্ঠানিক | | | |
| ক.সম্মানী/ ভাতা ও ভ্রমণ ভাতা-( নির্বাচিত জনপ্রতিনিধি) | ১৬,৫০,৫০০.০০ | ৯,৮২,০০০.০০ | ১৫,০০,০০০.০০ |
| খ. কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা- | | | |
| (১) পরিষদ কর্মচারী ( খন্ডকালীন)<br>(২) দায়মুক্ত ব্যয় (রাজস্ব খাতে সরকারি কর্মচারী সম্পর্কিত) | ৩,১৯,৭০০.০০<br>১৩,৮১,২১৪.০০ | ২,৩৫,৬০০.০০<br>১৫,৫১,৫০০.০০ | ৩,২৭,৬০০.০০<br>১৬,১১,৬০৬.০০ |
| গ. অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়((অফিস দ্রব্যাদি ক্রয়,নতুন আসবাবপত্র ক্রয়, উপজেলা ডিজিটাল সেন্টারের মালামাল,সিসি ক্যামেরাও ডিজিটাল হাজিরা মেশিন,ক্ষণগননা যন্ত্র ক্রয় এবং আসবাবপত্র ও কম্পিউটার মেরামত) | ৯,৮৪,০০০.০০ | ৪,৫৬,৩৮৩.০০ | ১০,০০,০০০.০০ |
| ঘ. আনুতোষিক তহবিলের স্থানান্তর | ০০ | ০০ | ০০ |
| ঙ. যানবাহন মেরামত ও জ্বালানী | ৭,২৭,৯৩৫.০০ | ৪,০০,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| ২। কর আদায়ের জন্য ব্যয় | ১০,২৫০.০০ | ১০,৯২৫ | ৩০,০০০.০০ |
| ৩। অন্যান্য ব্যয়ঃ সংবাদপত্র, ইন্টারনেট এবং পত্রিকার বিজ্ঞপ্তি বিল | ৬৪,৫৮০.০০ | ৩৫,১১৭.০০ | ৭২,০০০.০০ |
| ক.টেলিফোন; | ০০ | ০০ | ৫০,০০০.০০ |
| খ.বিদ্যুৎ বিল | ০০ | ৬১,১৯৭.০০ | ২,০০,০০০.০০ |
| গ.পৌর কর | ০০ | ৫,৪৮,৬২৪.০০ | ৪,০০,০০০.০০ |
| ঘ.গ্যাস বিল | ০০ | ০০ | ০০ |
| ঙ. পানির বিল | ০০ | ০০ | ৩,০০,০০০.০০ |
| চ. ভূমি উন্নয়ন কর | ০০ | ২৮,০০০.০০ | ৩০,০০০.০০ |
| ছ. অভ্যন্তরীণ অডিট ব্যয় | ০০ | ০০ | ০০ |
| জ. মামলা খরচ | ০০ | ০০ | ০০ |
| ঝ.আপ্যায়ন ব্যয় | ৪,৪২,৪০০.০০ | ৩,৪০,২০০.০০ | ৪,৫৬,০০০.০০ |
| ঞ.রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসের জন্য ব্যয়(বাসা, অফিস, সীমানা প্রাচীর এবং আভ্যন্তরীন রাস্তা উন্নয়ন)( বঙ্গবন্ধু ম্যুরাল নির্মান | ৫৬,২২,৮৬১.০০<br>প্রশাসনিকঅনুমোদন সহ | ২,৮১,৯৯১.০০ | ২০,০০,০০০.০০ |
| ট.অন্যান্য পরিশোধযোগ্য কর/ পোষ্টার /প্রকাশনা(বাজেট প্রস্তুত) সংক্রান্ত | ০০ | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| ঠ. আনুষঙ্গিক ব্যয় | ৬৮,০০০.০০ | ৪৫,০০০.০০ | ৬০,০০০.০০ |
| ৪। কর আদায় খরচ(বিভিন্নরেজিস্টার,ফরম,রশিদ বই ইত্যাদি মুদ্রণ) | ০০ | ০০ | ৩০,০০০.০০ |
| ৫। পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশা নিধন | ১,৭০,০০০.০০ | ০০ | ১,৭০,০০০.০০ |
| ৬। সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান ঃ | ০০ | | ০০ |
| ক. উপজলা এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাব আর্থিক অনুদান | ৩৩,০০০.০০ | | ৫০,০০০.০০ |
| ৭। জাতীয় দিবস উদযাপন | ১,৩০,০০০.০০ | ৭০,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| ৮। খেলাধুলা ও সংস্কৃতি | ০০ | | ০০ |
| ৯। জরুরী (অপ্রত্যাশিত) ব্যয় এবং গৃহহীনদের ঘর নির্মাণ | ৬,৫০,০০০.০০ | ৮,৮৫,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| ১০। আনসার | ০০ | ৪৬,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| ১১।সিডিউল বিজ্ঞপ্তি বিল,আনুসংগিক বিল এবং অবশিষ্ট সরকারি খাতে জমা | ১২,১৩,১৭২.০০ | ১০,৮১,৯৯০.০০ | ১০,০০,০০০.০০ |
| ১২। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসেবে স্থানান্তর | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ | ১,৫৩,২৪,৪০০.০০ |
| মোট ব্যয় (রাজস্ব হিসাব) | ১,৩৪,৬৭,৬১২.০০ | ৭১,৫৭,৯৩৭.০০ | ১,০৫,৮৭,২০৬.০০ |

## অংশ ২- উন্নয়ন হিসাব
## প্রাপ্তি

| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী ২০১৯-২০ বৎসরের প্রকৃত | চলতি ২০২০-২১ বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী ২০২১-২২ বৎসরের বাজেট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। অনুদান (উন্নয়ন) | | | |
| ক. সরকার | ৯০,৮৯,০০০.০০ | ৯১,১৬,০০০.০০ | ১,৪০,০০,০০০.০০ |
| খ. অন্যান্য উৎস (যদি থাকে,নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) অফিস ও বাসাবাড়ী রক্ষনাবেক্ষন খাতে | ০০ | ০০ | |
| ২। স্বেচ্ছা প্রণোদিত চাঁদা | ০০ | ০০ | |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | ১,৪০,৮৩,৪৬১.০০ | ১,২০,৮৮,০৮৪.০০ | ১,২২,৬০,১৩২.০০ |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | ২,৩১,৭২,৪৬১.০০ | ২,১২,০৪,০৮৪.০০ | ২,৬২,৬০,১৩২.০০ |

## অংশ ২- উন্নয়ন হিসাব
### ব্যয়

| ব্যয় বিবরণ | পূর্ববর্তী ২০১৯-২০ বৎসরের প্রকৃত | চলতি ২০২০-২১ বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী ২০২১-২২ বৎসরের বাজেট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। কৃষি ও সেচ | ৩৪,৭৫,৮৬৯.১৫(১৫%) | ৩১,৮০,৬১৩.০০(১৫%) | ৩৯,৩৯,০১৯.০০(১৫%) |
| ২।শিল্প ও কুটির শিল্প | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ৩। ভৌত অবকাঠামো | ৫৭,৯৩,১১৫.২৫ (২৫%) | ৫৩,০১,০২১.০০(২৫%) | ৬৫,৬৫,০৩৩.০০(২৫%) |
| ৪। আর্থ-সামাজিক অবকাঠামো | ১৬,২২,০৭২.২৭ (৭%) | ১৪,৮৪,২৮৬.০০(৭%) | ১৮,৩৮,২০৯.০০(৭%) |
| ৫। ক্রীড়া ও সংস্কৃতি | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ৬। বিবিধ । | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ৭। সেবা(জনস্বাস্থ্য) | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ৮।শিক্ষা | ২৩,১৭,২৪৬.১(১০%) | ২১,২০,৪০৮.০০(১০%) | ২৬,২৬,০১৩.০০(১০%) |
| ৯।স্বাস্থ্য | ১৬,২২,০৭২.২৭ (৭%) | ১৪,৮৪,২৮৬.০০(৭%) | ১৮,৩৮,২০৯.০০(৭%) |
| ১০।দারিদ্র হ্রাসকরণ ঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ১১। পলী উন্নয়ন ও সমবায় | ৪,৬৩,৪৪৯.২২(২%) | ৪,২৪,০৮২.০০(২%) | ৫,২৫,২০২.০০(২%) |
| ১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন | ১১,৫৮,৬২৩.০৫ (৫%) | ১০,৬০,২০৪.০০(৫%) | ১৩,১৩,০০৬.০০(৫%) |
| ১৩। দূর্যোগ ব্যবস্থা ও ত্রাণ | ৯,২৬,৮৯৮.৪৪ (৪%) | ৮,৪৮,১৬৩০০(৪%) | ১০,৫০,৪০৫.০০(৪%) |
| সমাপ্তি জের | | | |
| মোট ব্যয়(উন্নয়ন হিসাব) | ২,৩১,৭২,৪৬১.০০(১০০%) | ২,১২,০৪,০৮৪.০(১০০%) | ২,৬২,৬০,১৩২.০০(১০০%) |

**ফরম-গ**

(বিধি-৫ দ্রষ্টব্য)

উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণী

অর্থ বৎসর ২০২১-২২ সম্ভাব্য বাজেট

| বিভাগ/ শাখা | ক্র নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | মহার্ঘ্য ভাতা | প্রদেয় ভবিশ্য তহবিল | অন্যান্য ভাতাদি | মাসিক গড় অর্থের পরিমান | বাৎসরিক প্রক্কলিত অর্থের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| স্থানীয় সরকার | ০১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর। | ০১ টি | ১০২০০-২৪৬৮০/- ১৭,৫২০/- | ০০ | | বাড়ীভাড়া-৭০০৮ মেডিকেল-১৫০০ টিফিন-২০০ ভ্রমণ ভাতা- ৮০০০ উৎসব ভাতা-৩৮৫৪৪ শিক্ষা ভাতা-১০০০ শ্রান্তি বিনোদন-০০ | ৩৮,৪৪০/- | ৪,৬১,২৮০/- | |
| স্থানীয় সরকার | ০২ | জীপ চালক | ০১ টি | ৯৩০০-২২৪৯০/- ১৪,৪৭০/- | ০০ | | বাড়ীভাড়া-৬৫১১ মেডিকেল-১৫০০ টিফিন-২০০ অতিঃখাটুনি-১৪৪৭০ উৎসব ভাতা-৩১৮৩৪ শ্রান্তি বিনোদন-০০ | ৩৯,৮০৪/- | ৪,৭৭,৬৪৬/- | |
| স্থানীয় সরকার | ০৩ | অফিস সহায়ক | ০২ টি | ৮২৫০-২০০১০/- ২৩,৩০০/- | ০০ | | বাড়ীভাড়া-১০,৪৮৫ মেডিকেল-৩০০০ টিফিন-৪০০ ভ্রমন -১০০০ উৎসব ভাতা-৫১২৬০ শ্রান্তি বিনোদন-০০ শিক্ষা ভাতা-১০০০ | ৫৬,০৫৭/- | ৬,৭২,৬৮০/- | |
| | | | | | | | | মোট= | ১৬,১১,৬০৬/- | |

**ফরম-ঘ**

(বিধি-৫ দ্রষ্টব্য)

উপজেলার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরণী

অর্থ বৎসর ২০২০-২১

উপজেলার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২০-২১ অর্থবছরে সরকার হইতে কোন বরাদ্দ পাওয়া যায়নি।

(মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.১৪.০০২.২১-৪০। তারিখ ঃ ০৫ মে, ২০২১ খ্রিঃ।

বিষয় ঃ চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের খসড়া বাজেটের উপর মতামত গ্রহণ / বাজেট অধিবেশনে উপস্থিত হওয়া ে প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ অনুসারে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের খসড়া বাজেট প্রণয়ন করা হয়েছে। আগামী ১৬ মে ২০২১ খ্রিঃ পর্যন্ত প্রস্তাবিত খসড়া বাজেটের উপর সর্বসাধারনের মতামত ও পরামর্শ গ্রহন করা হবে। তাই এতদঃ সম্পর্কিত আপনার মূল্যবান মতামত ও পরামর্শ কাম্য।

উক্ত বাজেট অধিবেশনে যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

(মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

প্রাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৫-২২। উপজেলা................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
২৩-৩০। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
৩১। চুয়াডাঙ্গা প্রেসক্লাব।
৩২। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ
৩৩-৪০। জনাব....................................................................................।
৪১। টেকনিশিয়ান, উপজেলা ডিজিটাল সেন্টার ( কপিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.১৪.০০২.২০-৪৯। তারিখ ঃ ৩১ মে, ২০২১ খ্রিঃ।

বিষয় ঃ উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ৩৮ ধারা অনুসরণপূর্বক ২০২১-২২ অর্থ বছরের চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের বাজেট প্রনয়ণ পূর্বক প্রেরণ ।

সূত্রঃ উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা অনুসারে প্রণীত চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ সনের বাজেট উপজেলা পরিষদের ৩০/০৫/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত হয়েছে।

উক্ত বাজেটের কপি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ১) বাজেট বই-১৪ (চোদ্দ) প্রস্থ ।
২) মাসিক সভার কার্যবিরণী-০৫(পাঁচ) প্রস্থ।

(মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

পরিচালক
স্থানীয় সরকার
খুলনা বিভাগ, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২০-৪৯(৬) তারিখ ঃ ৩১ মে, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ-
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, চুয়াডাঙ্গা।

(মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

# চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট বিষয়ক উন্মুক্ত আলোচনা সভার কার্যবিবরণী ।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা। |
| মুখ্য নির্বাহী কর্মকর্তা | ঃ জনাব মুহাম্মদ সাদিকুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ হলরুম। |
| **তারিখ** | **ঃ ১৬.০৫.২০২১ খ্রিঃ ।** |
| **সময়** | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভাপতি সভার সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০১৯-২০ অর্থ বছরের খসড়া বাজেটের উপর উন্মুক্ত আলোচনা।**<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ অনুযায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের খসড়া বাজেট প্রণয়ন করা হয়েছে । তিনি প্রস্তুতকৃত খসড়া বাজেটের কপি সভায় উপস্থিত সকলের নিকট প্রেরণ করে মতামত জানতে চান। সভায় উপস্থিত উপজেলা কৃষি অফিসার বলেন, বাংলাদেশ কৃষি নিভর দেশ এজন্য বাজেটে কৃষিকে অগ্রাধিকার দেওয়ার সুপারিশ করেন। এছাড়া সভায় উপস্থিত দপ্তরপ্রধাণগণ তাদের নিজ নিজ দপ্তরের গরুত্ত তুলে ধরে কিছু প্রস্তাব দেন। সভায় উপস্থিত জনপ্রতিধিগণ বলেন বাজেট প্রণয়ণের ক্ষেত্রে অবশ্যই অবকাঠামোকে বেশি গুরুত্ত দিতে হবে।তারা বলেন, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হরে দেশ উন্নতির শিখরে পৌছতে পারবে্ । সভায় উপস্থিত সাংবাদিকবৃন্দ বলেন, বাজেট প্রণয়ণের ক্ষেত্রে উপজেলার প্রান্তিক জনগোষ্ঠির চাহিদা বিবেচনায় রাখতে হবে্। সভায় বাজেটের উপর বিস্তারিত আলোচনার পর পরামর্শের আলোকে প্রয়োজনীয় পরিবর্তন আনয়ন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জন্য ২০২১-২২ অর্থবছরে ৪,১৫,৮৪,৫৩২/- টাকার প্রস্তাবতি বাজেট প্রণয়ন করা হয়। প্রস্তাবিত বাজেট পরিশিষ্ট“খ” । নির্ধারিত ফরম্যাটে প্রস্তুতকৃত বাজেট উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে মর্মে বৈঠকে আলোচনা করা হয়।<br><br>সভায় উপজেলা পরিষদের সম্মানিত সভাপতি বলেন, উপজেলা পরিষদের উন্নয়ন ত্বরানিত করার নির্ণায়ক হচ্ছে বাজেট।২০২১-২২ অর্থবছরের জন্য চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের যে খসড়া বাজেট প্রস্তাব করা হয়েছে তা সময় উপযোগি, বাস্তব সম্মত এবং বাস্তায়নযোগ্য। উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ অনুযায়ী প্রস্তাবকৃত বাজেট উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের বিধান আছে্ । বিধি অনুযায়ি উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে বলে তিনি জানান। | চুয়াডাঙ্গা সদর উপজেলার ২০২১-২২ অর্থবছরের খসড়া বাজেট অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মে/২১ মাসের মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি আলোচিত বিষয়গুলির ওপর পুনঃপুনঃ আলোকপাত করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ,চুয়াডাঙ্গা সদর।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১.৪২(৪০)। ১৭/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৬-২৩। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
২৪-৩০। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।
৩১-৪০ জনাব............................................................................................ ।

( মুহাম্মদ সাদিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭৬১-৮১০৮১।

সভা নং ঃ ১১/২০২০-২১ অর্থবছর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ঃ ২৭.০৫.২০২১ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মুহাম্মদ সাদিকুর রহমান সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br><br>১। গত এপ্রিল/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br><br>**কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটিঃ**<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলায় চলতি ২০২০-২১ অর্থবছরে খরিপ-১ মওসুমে ৩৮০০ জন কৃষকের মাঝে আউস প্রোনোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়নে বিভাজন সম্পন্ন করে ইউনিয়ন চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া চলতি মওসুমে আউস ১৫৬৮৫ হেক্টর, পাট ৮১০ হেক্টর, মরিচ ২৩০ হেক্টর, শাকসবজি ৩১৮৫ হেক্টর লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৫৩৬ মে.টন, টিএসপি সার ১২৭ মে. টন, এমওপি সার ১৪৮ মে. টন ও ডিএপি সার ৩২০ মে.টন মজুদ রয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে কৃষক পর্যায়ে রাসায়নিক সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। তিনি আরো জানান, অত্র উপজেলায় বানিজ্যিক ভাবে আনারের চাষ শুরু হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আউস প্রোনোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত কৃষকদেরকে নির্বাচন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক উপজেলা কমিটিঃ**<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৭%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৫২ জন , গর্ভবতী সেবা ১৪৭০ জন এবং ৩২৫ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটিঃ**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন নাই,সদস্য ভর্তি নাই, পুঁজি গঠন ২.০৩ লক্ষ, ঋণ বিতরণ ২৫.৭৯ লক্ষ ও আদায় ৫৫.৬৯ লক্ষ। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সেবা প্রদানের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা |
| <u>**আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**</u><br><br>১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯১৭৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৬০ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউিনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । তিনি আরো জানান, সদর হাসপাতালে করোনা ভাইরাসের টিকা প্রদান (২য় ডোজ) কার্যক্রম শেষ হয়েছে। তিনি জানান, করোনা ভাইরাসের ২য় ঢেউয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলায় আক্রান্তের হার অনেক বেশি। সবচাইতে ঝুকির বিষয় এ দফায় ভারতীয় ধরণ শনাক্ত হচ্ছে। এজন্য তিনি সকলকে সামাজিক দুরত্বসহ বিধি নিশেধ পালনে আন্তরিক হওয়ার পরামর্শ দেন। | ইউপি চেয়ারম্যানদের করোনা ভাইরাস সম্পকে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান। |
| ২। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি বলেন, ১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ০৮ মাস জাটকা ধরা, বিক্রি, পরিবহন,মজুদ,বিপনন ও বিনিময় সম্পূর্ন নিশিদ্ধ। তিনি এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরাধীন" জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের মাধ্যমে পাকশির বিল, নুরুল্লাপুর বিল, ও উজলপুর বিল পূন: খননের কাজ চলমান আছে মাজের মান সন্তোষজনক বলে তিনি সভাকে জানান। | বিল পূন: খননের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬২৩ টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৩৭৪০, হাঁস-মুরগী ৫১,০০০। এছাড়া তিনি জানান, এ মাসে ২৮২৭ টি গবাদি পশু এবং ১৮৪১০ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ ডিম উৎপাদন-৪৩৫০০০০ টি,দুধ উৎপাদন-১৯৯৭মেঃ টন,মাংশ উৎপাদন-২৩৭০ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-২.১০ একর এবং খামার পরিদর্শন-১২টি। এছাড়া অন্যান্য বিভাগীয় | খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ৪। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিভাগঃ<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলার শতভাগ শিক্ষককে শিক্ষক বাতায়নের সদস্য করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপঃ মাঃ শিক্ষা কর্মকর্তা |
| ৫। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ<br><br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন বিদ্যালয়ে শিক্ষকদের সাথে এবং অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া ১ম- ৫ম শ্রেণীর শিক্ষার্থীর অন্তরবর্তীকালীন শ্রেনীভিত্তিক পাঠ পরিকল্পনা বাড়ীর কাজ ওয়ার্কশীট পড়ে নির্ধারিত কাজ সম্পন্ন করে শিক্ষার্তীর অভিভাবকবৃন্দ স্বাস্থ্যবিধি মেনে বিদ্যারয়ে জমা দিচ্ছেন। শিক্ষকবৃন্দ সেগুলো বিদ্যালয়ে সংরক্ষণ ও মূল্যায়ন করছেন। তাছাড়া এপ্রিল- জুন মাসের উপবৃত্তির টাকা বিতরনের লক্ষ্যে "নগদ" পোর্টালে ২১১৬৫ জন শিক্ষার্থীর জন্য ৮৯৫৪৭০০/- টাকা প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের সামগ্রিক কাজকর্ম সুষ্ঠবাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ ২০২০-২১ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, গত ২৩/০৪/২১ খ্রিঃ তারিখে ওয়ার্কওর্ডার দেওয়া হয়েছে। কাজ চলমান আছে জুনের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন হবে বলে তিনি সভাকে অভিহিত করেন। | গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ/উঃ নিঃ অঃ/ উঃ চেঃ |
| ০৬। উপজেলা সমাজসেবা বিভাগঃ<br><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগীদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম চলমান রয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান, ভিক্ষুক পূনর্বাসন কার্যক্রমের আওতায় ৭ জন ভিক্ষুককে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ০৭। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থবছরে যে সকল গভির অগভির নলকুপের বরাদ্দ পাওয়া গেছে তার কাজ চলমান রয়েছে । | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপঃজনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ০৮। উপজেলা মহিলা বিসয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মহিলা বিঃকর্মকর্তা। |
| ০৯। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০% । | | |
| ১০। সমবায়ঃ সভায় উপজেলা সমবায় অফিসার জানান, তার দপ্তরের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প সমুহে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের অর্থে একটি টয়লেট নির্মাণের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতঅ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ৪৫,৯২,৫৫৩/- টাকা , কাবিটা = ৫৭,০৮,৯৭১/-. টাকা বরাদ্দ পাওয়া যায়। টিআর এ ৬৪ টি এবং কাবিটায় ১৪ টি প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, এবছর ভিজিএফ চালের পরিবর্তে জনপ্রতি ৫০০ টাকা প্রদান করা হবে।_ খাতে সদর উপজেলায় ২.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। জনসংক্যার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ করে পত্র প্রেরণ করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ভিজিএফ প্রদানে উপকার ভোগীদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১২। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, তার ইউপির অভ্যন্তরে সরকারি সড়কের পাশে ৪০-৫০ টি মরে ঝুকিপূর্ন অবস্থায়।তিনি জানান, গাছগুলো ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কাটার সুযোগ আছে কিনা। উপজেলা নির্বাহী অফিসার জানতে চাইলে বন বিভাগের কর্মকর্তা জানান,নিয়মানুযায়ি উক্ত গাছের ভূমি মালিক বিভাগীয় বন কর্মকর্তা বরাবর আবেদন করবেন । | নিয়মানুযায়ি বিদ্যমান ঝুকিপূর্ন গাছ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারঃ কর্মঃ সাঃ বনায়ন বিভাগ। |
| <u>**আলোচ্যসূচি-০৪। উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের বাজেট অনুমোদন ঃ**</u><br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা অনুসারে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ সনের বাজেটের খসড়া প্রস্তুত পূর্বক বিগত ১৬/০৫/২০২১ খ্রিঃ তারিখে উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে সর্বসাধারনের মতামত নেওয়া হয়। তিনি জানান, সভার মতামত এবং উপজেলার সার্বিক চাহিদার উপর ভিত্তি করে ২০২১-২২ অর্থবছরে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জন্য ৫,২১,৭১,৭৩৮/- (পাঁচ কোটি একুশ লক্ষ একাত্তর হাজার সাতশত আটত্রিশ ) টাকার বাজেট প্রনয়ন করা হয়েছে। তিনি অনুমোদনের জন্য নির্ধারিত ফরম্যাটে প্রস্তুতকৃত বাজেটের অনুলিপি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় সকলের উদ্দ্যেশ্যে বলেন,কোন আপত্তি বা পরামর্শ থাকলে তা উপস্থাপন করুন। কোন আপত্তি নেই এবং প্রস্তাবকৃত বাজেট অনুমোদন দেওয়া যায় বলে সভায় সকলে একমত পোষন করেন।<br><br>অনুমোদিত ২০২১-২২ অর্থবছরের বাজেট নির্ধারিত ফরম্যাটে পরিশিষ্ট “খ” তে দেখানো হলো। | চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| <u>**আলোচ্যসূচি-০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের অণুকুলে বরাদ্দকৃত ১০ লক্ষ টাকার ৮ টি উপ-প্রকল্প বাস্তবায়নের বিল ভাউচার সমন্বয় পূর্বক প্রেরণ প্রসঙ্গেঃ**</u><br><br>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ জনাব মোঃ আক্তারুজ্জামান জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের অনূকুলে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের ১০ লক্ষ টাকার নিম্নরুপ ৮ টি উপ-প্রকল্প অনুমোদন দেওয়া হয়ঃ<br><br><table><tr><th>উপ-প্রকল্পের নাম</th><th>অনুমোদিত টাকা (ভ্যাট ও আইটি ব্যতীত)</th></tr></table> | বাস্তবায়িত ৮ টি উপপ্রকল্পের বিল ভাউচার প্রকল্পের PMW ঢাকা তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃনিঃঅঃ |

| | |
|---|---|
| ১। করোনা  (কোভিড /১৯) বিষয়ে প্রশিক্ষণ | 1,03,350/- |
| ২। কিশোর/কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ে  প্রশিক্ষণ | 1,05,180/- |
| ৩। বায়ো ফ্লোক পদ্ধতিতে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ | 1,33,550/- |
| ৪। তরুন উদ্যোক্তা  সৃষ্টির লক্ষ্যে ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষন | 1,23,445/- |
| ৫। প্রতি বন্ধীদের আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে বসত বাড়ীতে সবজি চাষ ও পশুপাখি পালন বিষয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ | 1,05,950/- |
| ৬। স্কুল ব্যবস্থাপনা  বিষয়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটি / অভিভাবকদের  সচেতনতা মূলক প্রশিক্ষন। | 1,29,750/- |
| ৭। প্রসুতি মাদের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ মাতৃত্ত নিশ্চিত ও ডেলিভারী বিষয়ে UH&FWC/কমিউনিটি ক্লিনিকের/ স্বাস্থ্য কর্মীদের  দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | 1,17,525/- |
| ৮। বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পের মহিলাদের ব্লক বাটিক প্রশিক্ষণ | 1,81,250/- |
| মোট | **10,00,000/-** |
| ভ্যাট ও আইটি সহ মোট | **10,66,126/-** |

সভায় জানানো হয় উপর্যুক্ত ৮ টি প্রশিক্ষণ সূষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনা হয় বিল ভাউচার সমুহ যাচাই বাছাই করা হয় এবং সঠিক আছে বলে সভায় মত প্রকাশ করা হয়। শেষে বিল ভাউচার সহ প্রয়োজনীয় ডকুমেন্টস সমন্বয়ের নিমিত্তে PMW ঢাকা তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৬ । বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে জরুরী ভিত্তিতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গেঃ</u><br><br>সভায় উপজেলা প্রকৌশলী জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৪র্থ কিস্তি বাবদ সম্ভাব্য ১৯.৩৪ লক্ষ টাকা ধরে প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান। কিন্তু ০১/০৪/২০২১ খ্রি তারিখে স্থানীয় সরকার বিভাগের ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০ (অংশ-৩) -২০৯ নং স্মারকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৪র্থ কিস্তি বাবদ ২৯.৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। যা সম্ভাব্যের চেয়ে ১০.৩২ লক্ষ টাকা বেশি। এখন টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার সুযোগ নেই কেননা চলতি ২০২০-২১ অর্থবছরের আর মাত্র ১ মাস অবশিষ্ট আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন,বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। তিনি জানান, করোনা ভাইরাসের ভারতীয় ধরন এ জেলায় শনাক্ত হয়েছে। প্বার্শবর্তী দামুড়হুদা উপজেলায় করোনা ভাইরাসের ভারতীয় ধরন শনাক্তের হার অনেক বেশি। তিনি জানান, সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা ইত্যাদি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত আছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিল হতে ( স্বাস্থ্য খাতে) জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে করোনা ভাইরাসের বিস্তার রোধে মাস্ক,স্যানিটাইজার, জীবানুনাশক সাবান ক্রয় পূর্বক সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে জনসাধারণের মাঝে বিনামূল্যে বিতরণ সহ আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে সেলাই মেশিন সরবরাহ ও ছাত্র-ছাত্রীদের লেডিস সাইকেল ও স্যানিটারী ন্যাপকিন সরবরাহ করার প্রস্তাব করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত জানতে চাইলে সকলে করোনা ভাইরাসের প্রকোপ রোধে স্বাস্থ্য খাতে প্রকল্প গ্রহণ সহ আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে প্রকল্প গ্রহণেএকমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ১০.৩২ লক্ষ টাকার নিম্নরূপ ২ টি প্রকল্প গ্রহণ পূর্বক অনুমোদন করা হয়ঃ<br><br>অনুমোদিত ২ টি প্রকল্প পরিশীষ্ট ‘গ” তে দেখানো হলো:<br><br>টেন্ডার প্রক্রিয়ার পর্যাপ্ত সময় না থাকায় আরএফকিউ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। এবং গৃহীত প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়। ক্রয়কৃত মালামাল উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয় এবং ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে বিতরণ করা হবে বলে সভায় আলোকপাত করা হয়।</td>
<td>গৃহীত প্রকল্প ২ টি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বব</td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৭ । জাইকার অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের বিল ছাড় করণ প্রসঙ্গেঃ</u><br><br>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ সাহেব জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্কুলে উচু নিচু বেঞ্চ এবং সিলিং ফ্যান সরবরাহ INF-2018-19-401823-01 এর কাজ সম্পন্ন হয়েছে। যাহার খরচ নিম্নরুপ:<br><br>
<table>
<tr><td>শিরোনাম/ প্রকল্পের নাম</td><td>মূল টাকা</td><td>ভ্যাট</td><td>আইটি</td></tr>
</table>
</td>
<td>চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্কুলে উচু নিচু বেঞ্চ এবং সিলিং ফ্যান সরবরাহ কাজের বিল ছাড় করতে PMW ঢাকা তে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করতে হবে।</td>
<td>উঃনিঃঅঃ</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>
<table>
<tr><td>INF-2018-19-401823-01</td><td>১২,০৩,৮১২/-/-</td><td>২১,৭৫৫/-</td><td>২৯,০০৮/-</td></tr>
<tr><td></td><td>১২,০৩,৮১২/-/-</td><td>২১,৭৫৫/-</td><td>২৯,০০৮/-</td></tr>
</table>
এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে বিষয়টি অনুমোদনের জন্য PMW ঢাকা তে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>
<u>আলোচ্যসূচি-০৮। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদানঃ</u><br><br>
ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br><br>
১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br><br>
২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br><br>
৩) ০১ টি ভোল্টেজ স্টাপলাইজার ক্রয় এবং ১ টি প্রিন্টার মেরামত-২১,০০০/-<br><br>
৪) আনসারদের বাল্প ক্রয় সহ টয়লেট পরিষ্কার, কেটলী ক্রয়, উপজেলা চেয়ারম্যানের আবাসিক অফিসে ইন্টারনেট সংযোগ স্থাপন এবং উপজেলা চেয়ারম্যান ও নির্বাহী অফিসারের কার্যালয়ের ৩ টি টিভি ও ১ টি এসি মেরামত- ২৫,০০০/-<br><br>
সভায় ১-৪ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউপির ১জন এবং মোমিনপুর ইউপির ৫ জন প্রাকৃতিক দূর্যোগ/ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক অনুদান চেয়ে আবেদন করেছেন। তিনি প্রাপ্ত আবেদন সমুহ সভায় উপস্থাপন করলে, উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদেরকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদানের সুযোগ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচোনা শেষে দাখিলকৃত আবেদনের বিপরীতে নিম্নোক্ত ভাবে আর্থিক সাহায্যের চেক উপজেলা রাজস্ব তহবিল হতে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br><br>
১। মোঃ ইমরান হোসেন, পিতা, মোঃ মজিদ হোসেন, সাং আলুকদিয়া - ১০,০০০/-<br><br>
২। মোঃ জানারুল, পিতা মৃত মউনদ্দিন আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br><br>
৩। মোঃ ইছানুল, পিতা মৃত শুকুর আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br><br>
৪। মোঃ দুল হাঁস, পিতা মৃত ইস্রাফিল, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br><br>
৫। মোঃ তাইজল, পিতা মৃত নুরু ব্যাপারী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-<br><br>
৬। মোঃ সুমন আলী, পিতা বাবুর আলী, সাং মাছেরদাইড়, মোমিনপুন - ৮,০০০/-
</td>
<td>
ক) বর্ণিত ১-৪ নং ক্রমিকের ব্যয় ভাউচারে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>
খ) প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদেরকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে চেকের মাধ্যমে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
</td>
<td>
উপজেলা নির্বাহী অফিসার।<br><br>
উপজেলা নির্বাহী অফিসার।
</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>এছাড়া সভায়  জানানো হয় উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ২০১৪ সালে এইচ পি ব্রান্ডের ১ টি ল্যাপটপ ক্রয় করা হয় যা উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সিএ মোঃ শফিকুল ইসলামের দায়িত্বে ছিলো। বর্তমানে ল্যাপটপটি সম্পূর্ণ অকেজো হয়ে গেছে। ফলে দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটছে। সূষ্ঠভাবে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য ১ টি নতুন ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের কিছু  ভাঙ্গা চেয়ার টেবিল ও আলমারী আছে যা মেরামত করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা বই মুদ্রণ করার সরকারি নির্দেশা রয়েছে। উপজেলা পরিষদের ( প্রকাশনা, আসবাবপত্র মেরামত ও অফিস দ্রব্যাদি ক্রয় খাত) তহবিল হতে সংশ্লিষ্ট খাতে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব উপস্থাপন করা হলে সকলে একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমানকে সভাপতি করে ২,০০,০০০/- টাকার নিম্নরূপ প্রকল্প কমিটি অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>১</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী বই মুদ্রন, আসবাবপত্র মেরামত ও ল্যাপটপ ক্রয়।</td><td>২,০০,০০০/-</td><td>১।মোঃমাসুদুর রহমান,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২  মোঃ ইব্রাহিম হামিদ শাহিন, সিনিয়র উপঃ মৎস্য অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা  অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য</td></tr>
</table>
</td>
<td>গ) গৃহীত প্রকল্পের প্রাক্কলণ পূস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

**৯।বিবিধঃ**

**১। চলমান করোনা ভাইরাস প্রসঙ্গেঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনা ভাইরাসের ২য় দফায় আক্রান্তের হার অনেক বেশি। তিনি সরকার কর্তৃক আরোপিত লকডাউন জনসাধারনকে কঠোরভাবে মানতে বাধ্য করতে মোবাইল কোর্ট অব্যাহত আছে বলে জানান। তিনি জনসাধারণকে লকডাউন মানাতে জনপ্রতিনিধিদেরকে মাঠে নামার আহবান জানিয়ে বলেন, জনসাধারনের লকডাউন মানার ক্ষেত্রে কিছুটা অনিহা পরিলক্ষিত হচ্ছে। তিনি এক্ষত্রে জনপ্রতিধিদেরকে দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি সভায় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন,আপনারা জনগনের প্রতিনিধি জনগন আপনাদের কথা শুনবে । আপনারা সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মানতে জনগনকে সচেতন করতে মাঠে কাজ করেন। তিনি আরো বলেন, লকডাউন চলাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা বন্ধ থাকবে। কোন মাদ্রাসা খোলা হচ্ছে কিনা এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন ।

এ বিষয়ে গড়াইটুপি ইউপি চেয়ারম্যান বলেন, সরকারি কিছু আর্থিক প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি মানা হচ্ছে না বিধায় জনগণ সেগুলোকে উদাহরণ হিসাবে ব্যবহার করছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, খারাপ কিছু উদাহরণ হিসাবে গ্রহণ করা যাবে না । তিনি জানান, জনগণনকে কঠোরভাবে লকডাউন মানাতে সবাইকে একযোগে কাজ করতে হবে। এ বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন, জনগণকে স্বাস্থ্যবিধি মানাতে জনপ্রতিধিনিধিদের সঙ্গে নিয়ে প্রশাসনকে কাজ করতে হবে। সবার সহযোগিতায় লকডাউন শতভাগ কার্যকর করা সম্ভব হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৫। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। আমার বাড়ী আমার খামারঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৯। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১০। উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস

চেয়ারম্যান

উপজেলা পরিষদ কার্যালয়

চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১-৪৮ (৪০) ।
৩১/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।

৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৮। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা ইউ পি।

১০। জনাব.................................................................................।

( মুহাম্মদ সাদিকুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।